



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ই-মেইল : pro@bhbfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

লন্ডনে ওয়ার্ল্ড স্ট্যান্ডার্ড-সেটার্স কনফারেন্স-২০১৯ এ বিএইচবিএফসি'র চেয়ারম্যানের যোগদান



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর চেয়ারম্যান, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর নির্বাহী কমিটির চেয়ারম্যান এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ আগামী ৩০ সেপ্টেম্বর হতে ১ অক্টোবর ২০১৯ পর্যন্ত অনুষ্ঠিতব্য ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ড বোর্ড (আইএএসবি) কর্তৃক আয়োজিত ওয়ার্ল্ড স্ট্যান্ডার্ড-সেটার্স কনফারেন্স-২০১৯ এ অংশগ্রহণের উদ্দেশ্যে যাত্রা করেছেন। তিনি আইএএসবি কর্তৃক আমন্ত্রিত হয়ে উক্ত কনফারেন্সে ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) এর প্রতিনিধিত্ব করবেন। গ্লোবাল হিসাবমান প্রণয়নকারী একমাত্র প্রতিষ্ঠান আইএএসবি কর্তৃক আয়োজিত এই সম্মেলনে বিগত বছরসমূহে প্রণয়নকৃত বিভিন্ন ধরনের আইএফআরএস সমূহ, আইএফআরএস এর পরিবর্তন/পরিবর্ধন/উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন বিষয়াদি আলোচিত হবে। আইএএসবি বিভিন্ন কমিটি এবং অন্যান্য অঙ্গ সংগঠনের কার্যাবলী, ভূমিকা এবং আইএফআরএস এর বাস্তবায়ন সম্পর্কে বিশদ আলোচনা হবে। এছাড়াও দুই দিনব্যাপী উক্ত কনফারেন্সে ইন্টারন্যাশনাল ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ড (আইএফআরএস) বিষয়ে ০৭ টি গুরুত্বপূর্ণ সেশন যথা: ডিসক্লোজার ইনিয়াশিয়েটিভ, রিভিউ ফর দ্যা আইএফআরএস ফর এসএমই, ফাইন্যান্সিয়াল ইন্সট্রুমেন্টস, আইএফআরএস ইন্টারপ্রিটেশন কমিটি, ইলেকট্রনিক রিপোর্টিং, বিজনেস কম্বিনেশনস ও ইসলামিক ফাইন্যান্স বিষয়ের উপর সেশন অনুষ্ঠিত হবে। উক্ত বিষয়গুলোর মধ্যে অধ্যাপক ড. মোঃ সেলিম উদ্দিন ইলেকট্রনিক্স রিপোর্টিং এবং রিভিউ ফর দ্যা আইএফআরএস ফর এসএমই বিষয়ক ০২ টি সেশনে সরাসরি অংশগ্রহণ ও প্রতিনিধিত্ব করবেন। লন্ডনে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড স্ট্যান্ডার্ড-সেটার্স কনফারেন্সে বিশ্বের বিভিন্ন দেশের ন্যাশনাল স্ট্যান্ডার্ড সেটার্স এবং রিজিওনাল একাউন্টিং বডিস এর প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন। উক্ত কনফারেন্সে অংশগ্রহণের মাধ্যমে একাউন্টিং স্ট্যান্ডার্ড এর সর্বশেষ এবং সর্বোৎকৃষ্ট প্র্যাকটিস ও পন্থা সম্পর্কে সম্যক জ্ঞান আহরণ এবং শেয়ার করার সুযোগ সৃষ্টি হবে।